
# পদক্ষেপ ই-নিউজ

(পদক্ষেপ এর একটি মাসিক 'ই' সাময়িকী)

বর্ষ: ১০ | সংখ্যা: ১০৮ ফেব্রুয়ারি ২০২২










## দিনাজপুর ও রংপুরে পরিবেশ বান্ধব বৈচিত্র্যময় হস্তশিল্প উপপ্রকল্পের 'মার্কেট লিংকেজ' ওয়ার্কশপ অনুষ্ঠিত

গত ২৭ ফেব্রুয়ারি দিনাজপুর সদরে এবং ২৮ ফেব্রুয়ারি ২০২২ তারিখে রংপুর সদরে বিশ্ব ব্যাংকের অর্থায়নে এবং পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় পদক্ষেপ কর্তৃক বাস্তবায়নাধীন সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি) এর আওতায় পরিবেশ বান্ধব বৈচিত্র্যময় হস্তশিল্প উপপ্রকল্পের বাজার ব্যবস্থাপনার জন্য ইনপুট সেলার, বায়ার ও রিটেইলারদের সাথে একটি 'মার্কেট লিংকেজ' ওয়ার্কশপের আয়োজন করা হয়। দিনাজপুরের ওয়ার্কশপে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দিনাজপুর জেলার বিসিক এর উপমহাব্যবস্থাপক জনাব আমজাদ হোসেন এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দিনাজপুর ওমেন চেম্বার অব কমার্স এর প্রেসিডেন্ট জনাব জান্নাতুন সাফা শাহনুর। এছাড়া অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, পদক্ষেপ এর দিনাজপুর জোনের জোনাল ম্যানেজার জনাব ফখরুল আহম্মেদ এবং সংশ্লিষ্ট জোন ও প্রকল্পের কর্মকর্তাবৃন্দ।

পাশাপাশি রংপুরের ওয়ার্কশপে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রংপুর জেলার বিসিক এর উপমহাব্যবস্থাপক জনাব মোঃ শামীম হোসেন এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রংপুরের পরিবেশ অধিদপ্তরের পরিদর্শক জনাব মোঃ মনোয়ারুল ইসলাম। এসময় আরও উপস্থিত ছিলেন, পদক্ষেপ এর রংপুর জোনের জোনাল ম্যানেজার জনাব মোস্তাফিজুল গনি এবং সংশ্লিষ্ট জোন ও প্রকল্পের কর্মকর্তাবৃন্দ।

ওয়ার্কশপ ২টিতে পদক্ষেপ এর হস্তশিল্প উপপ্রকল্পের প্রজেক্ট ম্যানেজার জনাব মোঃ ইরফানুল বারী স্বাগত বক্তব্য প্রদান করেন। ওয়ার্কশপগুলোতে ইনপুট সেলার, রিটেইলার ও হোল সেলাররা কিভাবে বাজার ব্যবস্থাপনার মাধ্যমে ক্রয়-বিক্রয়, ক্রেতা ও বিক্রেতার মধ্যে সম্পর্ক উন্নয়ন এবং একে অপরকে সাহায্য সহযোগিতার মাধ্যমে ব্যবসার উন্নয়ন ঘটাবে ইত্যাদি বিষয়ে আলোচনা করা হয়।

ক্ষুদ্র উদ্যোক্তাগণ যেন তাদের হাতের নাগালে কাঁচামাল পায় এবং উৎপাদিত পণ্য যেন সহজে বিক্রয় ও বাজারজাত করতে পারে সে ব্যাপারেও বিস্তারিত আলোচনা করা হয় ওয়ার্কশপগুলোতে। এ বিষয়ে উপস্থিত সকল ইনপুট সেলাররা হস্তশিল্পের পণ্য উৎপাদনে প্রয়োজনীয় সকল কাঁচামাল বা উপকরণ সুলভ বা পাইকারী মূল্যে হ্যান্ডিক্রাফট সংশ্লিষ্ট ক্ষুদ্র উদ্যোক্তাদের কাছে সরবরাহ করার অঙ্গীকার ব্যক্ত করেন। পাশাপাশি উপস্থিত ব্যবসায়িক ক্রেতা সংশ্লিষ্টরা বাজারের চাহিদানুযায়ী সরবরাহকৃত ডিজাইন মোতাবেক উৎপাদিত মানসম্মত পণ্য সামগ্রী পাইকারি বাজার মূল্যে ক্রয়ের আশ্বাস দেন।

বাজার ব্যবস্থার উন্নয়নের জন্য এধরণের সভা খুবই গুরুত্বপূর্ণ জানিয়ে বক্তারা বলেন, অনেক উদ্যোক্তা রয়েছে যারা কোথায় গেলে ন্যায্য মূল্যে কাচাঁমাল বা উপকরণ পাবে এবং তাদের পণ্য কোথায় বিক্রয় করবে সে সম্পর্কে তেমন কোন ধারণা নেই। তাদের এ সমস্ত সমস্যা দূর করার জন্য এধরনের ওয়ার্কশপ অত্যন্ত জরুরী।

পাশাপাশি অংশগ্রহণকারী সকল ক্ষুদ্র উদ্যোক্তাদেরকে বিসিকের কার্যক্রম সম্পর্কে সম্যক ধারনা প্রদান এবং নিয়ম মেনে বিসিকের সেবা গ্রহণে উদবুদ্ধ করেন। বক্তারা উদ্যোক্তাদের সক্ষমতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করার ক্ষেত্রে এ ধরনের ওয়ার্কশপ আয়োজনের জন্য পদক্ষেপকে ধন্যবাদ জানান।

# এসটিআই এবং এইচআইভি প্রিভেনশন সার্ভিস প্রকল্পের স্টাফ ওরিয়েন্টেশন বিষয়ক প্রশিক্ষণ




"STI and HIV Prevention Service Package for MSM /MSW/TG and their Clients" প্রকল্প বাস্তবায়ন পর্যায়ে স্বাস্থ্য অধিদপ্তরের এএসপি এর টেকনিক্যাল তত্ত্বাবধায়নে দেশের চারটি জেলায় ৩ হাজার ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর স্বাস্থ্য ঝুঁকি "এসটিআই এ্যান্ড এইচআইভি/এইডস" নিয়ন্ত্রণে সচেতনতা ও চিকিৎসা বিষয়ক কর্মকাণ্ড পরিচালনা করছে পদক্ষেপ। এরই ধারাবাহিকতায় গত ২৭-২৮ ফেব্রুয়ারী ২০২২ তারিখে প্রকল্পের মাঠ পর্যায়ে কর্মীদের ওরিয়েন্টেশন প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণের মূল উদ্দেশ্য ছিল, সংস্থার লক্ষ্য, উদ্দেশ্য, মিশন, ভিশন ইত্যাদি বিষয়ে কর্মীদেরকে অবগত করা এবং প্রকল্পের কর্ম পরিকল্পনা, স্টাফদের কাজের বিবরণী অনুযায়ী কর্মকাণ্ড পরিচালনা করা, প্রকল্প বাস্তবায়নে সম্মিলিত ভুমিকা রাখা ইত্যাদি।

পদক্ষেপ ইনস্টিটিউট অব ডেভেলপমেন্ট এ্যান্ড ম্যানেজমেন্ট (পিআইডিএম) এ অনুষ্ঠিত প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পদক্ষেপ এর নির্বাহী পরিচালক জনাব মোঃ সালেহ বিন সামস। প্রশিক্ষণ অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন পদক্ষেপ এর প্রোগ্রাম উইং এর ডেপুটী পরিচালক জনাব মোঃ মনিরুজ্জামান সিদ্দীক, মানব সম্পদ ও প্রশাসন বিভাগের সহকারী পরিচালক ও প্রকল্পের টীম লিডার সৈয়দ আনোয়ার হোসেন। প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে ছিলেন পদক্ষেপ এর মানব সম্পদ ও প্রশাসন বিভাগের সিনিয়র সহকারী পরিচালক জনাব ডালিয়া আশরাফ আসমা, প্রকল্পের ক্লিনিক্যাল কোয়ালিটি অ্যাসুরেন্স কোঅর্ডিনেটর ডাঃ ইউসুফ নবী, মনিটরিং এ্যান্ড ইভ্যালুয়েশন কোঅর্ডিনেটর জনাব মোঃ রুহুল আমিন, প্রোগ্রাম অফিসার জনাব নুরুন্নাহার রিপা।



# ক্ষুদ্র উদ্যোক্তাদের স্বাস্থ্য ঝুঁকি ও অগ্নি নিরাপত্তা বিষয়ক প্রশিক্ষণ




গত ২৩ ফেব্রুয়ারী ২০২২ তারিখে পদক্ষেপ এর সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি) এর উপপ্রকল্প প্রমোশন অব সেইফ স্ট্রিট ফুড ম্যানেজমেন্ট প্র্যাকটিসেস প্রকল্পের রংপুর সদর ও সিও বাজার শাখার ক্ষুদ্র উদ্যোক্তাদের নিয়ে স্বাস্থ্য ঝুঁকি ও অগ্নি নিরাপত্তা বিষয়ক এক প্রশিক্ষণের আয়োজন করে হয়। প্রশিক্ষণের শুরুতে স্বাস্থ্য ঝুঁকি ও অগ্নি নিরাপত্তা বিষয়ক বিভিন্ন আলোচনা করা হয়। আলোচনার মাধ্যমে উদ্যোক্তারা জানতে পারেন, আগুন কি, কিভাবে আগুনের সঠিক ব্যবহার করা যায়, কোথাও আগুন লাগলে কি করণীয়, আগুনে পুড়ে যাওয়ার ভয়াবহতা ও ক্ষতিকর দিক, কিভাবে আগুন থেকে নিরাপদ থাকা যায়, কর্মস্থলে হঠাৎ অগ্নি দূর্ঘটনা ঘটলে কিভাবে হাতের কাছে থাকা উপকরণ ব্যবহার করে তা নিয়ন্ত্রণ করা যায়, কিভাবে ক্ষয়ক্ষতির পরিমাণ কমানো যায়, ফায়ার এক্সটিংগুইশার/ অগ্নি নির্বাপক যন্ত্রের ব্যবহারের নিয়ম, বালি ও পানি ব্যবহার করে কিভাবে আগুন নিয়ন্ত্রণ করা যায় ইত্যাদি।

প্রশিক্ষণে বক্তারা বলেন, অসাবধানতাই অগ্নিকাণ্ডের প্রধান কারণ। তাই অগ্নি প্রতিরোধে সচেতনতার কোন বিকল্প নেই। সবাইকে নিজ নিজ অবস্থানে সর্বোচ্চ সচেতন হতে হবে। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স হতে অগ্নি প্রতিরোধ, অগ্নি নির্বাপণ, উদ্ধার ও প্রাথমিক চিকিৎসা বিষয়ে মৌলিক প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। পাশাপাশি ফায়ার সার্ভিসের সহায়তায় নিয়মিত মহড়ার আয়োজন করতে হবে। বাসগৃহ, কলকারখানা ও ব্যবসা প্রতিষ্ঠানে অগ্নি নির্বাপণী যন্ত্রপাতি স্থাপন এবং প্রয়োজন মুহূর্তে তা ব্যবহার করা, আগুন লাগলে ৯৯৯ নম্বরে কল করে ফায়ার সার্ভিসের সেবা গ্রহণ ইত্যাদি প্রয়োজনীয় বিষয়গুলো মেনে চলা খুবই গুরুত্বপূর্ণ। মূলত যে সকল কারণে অগ্নিকাণ্ডের সৃষ্টি হয় সে সব কারণ থেকে সাবধানতা অবলম্বন করতে হবে।



আলোচনা শেষে হাতে কলমে প্রশিক্ষণ প্রদানের জন্য রংপুর জোন অফিসের সামনের মাঠে একটি মহড়া অনুষ্ঠিত হয়। মহড়ায় রংপুর ফায়ার সার্ভিস এর একটি দক্ষ কর্মীবাহিনী বিভিন্ন অগ্নিনির্বাপক কৌশল প্রদর্শন করেন এবং ক্ষুদ্র উদ্যোক্তারা তা বাস্তবে অনুশীলন করেন।

# পরিবেশ বান্ধব বৈচিত্র্যময় হস্তশিল্প উপপ্রকল্পের আওতায় ব্যবসায়িক সনদ বিষয়ক কর্মশালা




জীবিকা নির্বাহ ও মুনাফা অর্জনের উদ্দেশ্যে যে কোনো ব্যবসা করার অধিকার সকলের রয়েছে। তবে সকল ব্যবসায় দেশের প্রচলিত আইন দ্বারা স্বীকৃত ও বৈধ হতে হয়। ব্যবসার প্রথম এবং অবিচ্ছেদ্য অংশ হচ্ছে ট্রেড লাইসেন্স। ব্যবসার আইনগত বৈধ্যতা পাওয়ার জন্য ব্যবসায়িক সনদ বা ট্রেড লাইসেন্স, টিন সার্টিফিকেট ও পরিবেশগত ছাড়পত্র সরকারি প্রতিষ্ঠান হতে ইস্যু করা হয়। আমাদের দেশে এমন অনেক ব্যবসায়ী আছেন যারা ট্রেড লাইসেন্স ছাড়াই ব্যবসা করছেন যা সম্পূর্ণ অবৈধ এবং বেআইনী। আবার অনেকেই ব্যবসার আইনগত দিক না বুঝেই ব্যবসা শুরু করেন। ব্যবসার বিভিন্ন বিষয়ের উপর গত ২৮ ফেব্রুয়ারি ২০২২ তারিখে দিনাজপুর সদরে ব্যবসায়িক সনদ ট্রেড লাইসেন্স, টিন সার্টিফিকেট ও পরিবেশগত ছাড়পত্রের প্রয়োজনীয়তা এবং এর গুরুত্ব বিষয়ক এক কর্মশালার আয়োজন করা হয়। বিশ্ব ব্যাংকের অর্থায়নে এবং পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় পদক্ষেপ এর সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি) এর আওতায় পরিবেশ বান্ধব বৈচিত্রময় হস্তশিল্প উপপ্রকল্প থেকে কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালার প্রধান অতিথি হিসেবে দিনাজপুর সার্কেল-৭ এর উপ কর কমিশনার জনাব মাহমুদুল হাসান এবং বিশেষ অতিথি হিসেবে দিনাজপুর পৌরসভার লাইসেন্স পরিদর্শক জনাব সুকুমার চক্রবর্তী উপস্থিত ছিলেন। কর্মশালায় পদক্ষেপ এর দিনাজপুর জোনের জোনাল ম্যানেজার জনাব ফখরুল আহম্মেদ স্বাগত বক্তব্য প্রদান করেন।

প্রধান অতিথির বক্তব্যে উপ কর কমিশনার মহোদয় বলেন, এই কর্মশালার মধ্য দিয়ে ক্ষুদ্র উদ্যোক্তারা ব্যবসার আইনগত দিকগুলো সম্পর্কে বিশেষভাবে অবগত হবেন। পাশাপাশি টিন সার্টিফিকেট কি এবং কি কাজে লাগে, কিভাবে টিন করতে হয় ও রিটার্ন দাখিল করতে হয় ইত্যাদি কার্যক্রম সম্পর্কে জানতে ও বুঝতে পারবেন। তিনি উদ্যোক্তাদের সক্ষমতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করে এ ধরনের কর্মশালা আয়োজনের জন্য পদক্ষেপকে ধন্যবাদ জানান।

বিশেষ অতিথির বক্তব্যে পরিদর্শক মহোদয় বলেন, ব্যবসার আইগত প্রথম ধাপ হচ্ছে ট্রেড লাইসেন্স। ক্ষুদ্র উদ্যোক্তাগণ তাদের ব্যবসার আইনগত বৈধতা পাওয়ার জন্য সরকারি প্রতিষ্ঠান থেকে ব্যবসায়িক সনদ বা ট্রেড লাইসেন্স, টিন সার্টিফিকেট ও পরিবেশগত ছাড়পত্র ইস্যু করা অত্যন্ত জরুরী। তিনি আরও বলেন, অনেক উদ্যোক্তা আছেন তারা ট্রেড লাইসেন্স কী ও কীভাবে করতে হয় এবং এর নবায়ন পদ্ধতি কি এ সম্পর্কে তেমন কোন ধারণা নেই। এ ধরনের সমস্যা দূর করার জন্য এরকম কর্মশালার অয়োজন করা খুবই গুরুত্বপূর্ণ। তিনি ব্যবসায়িক সনদ সংক্রান্ত পৌরসভার সেবা কার্যক্রম সম্পর্কে সম্যক ধারণা প্রদান করেন এবং হস্তশিল্পে যে সকল ক্ষুদ্র উদ্যোক্তা রয়েছে তারা যদি পৌরসভার সেবা নিতে চায় নিয়মানুযায়ী সেবা প্রদান করবেন বলে সকলকে আশ্বস্ত করেন।

অংশগ্রহণকারীদের সুচিন্তিত মতামত প্রদান ও প্রাণবন্ত আলোচনার মাধ্যমে কর্মশালাটি অত্যন্ত ফলপ্রসু হয়ে ওঠে। টেকসই উন্নয়নের জন্য হস্তশিল্পের প্রসারে বৈচিত্র্যময় পণ্য তৈরীতে পরিবেশবান্ধব প্রযুক্তি ব্যবহার ও ক্ষুদ্র উদ্যোক্তাদের আর্থিক সহায়তা প্রদানের পাশাপাশি পরিবেশকে ঠিক রেখে কার্যক্রম পরিচালনার ওপর গুরত্বারোপ করে কর্মশালাটি শেষ করা হয়।

# রংপুরে পরিবেশ বান্ধব বৈচিত্র্যময় হস্তশিল্প উপপ্রকল্পের পরিবেশ ক্লাব গঠন








রংপুর জেলায় গত ২৩ ও ২৪ ফেব্রুয়ারি ২০২২ তারিখে বিশ্ব ব্যাংকের অর্থায়নে এবং পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় পদক্ষেপ কর্তৃক বাস্তবায়নাধীন সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি) এর পরিবেশ বান্ধব বৈচিত্র্যময় হস্তশিল্প উপপ্রকল্পের আওতায় ২টি পরিবেশ ক্লাব গঠন করা হয়। পরিবেশ ক্লাব গঠনের মূল লক্ষ্য ছিল "টেকসই উন্নয়নের জন্য পরিবেশগত অনুশীলনের মাধ্যমে উদ্যোক্তাদের বৈচিত্র্যময় হস্তশিল্পের প্রসার ঘটানো"। ক্লাব গঠনের মূল উদ্দেশ্য হলো, "উদ্যোক্তাদের পাশাপাশি সমাজের সকল শ্রেণীর মানুষের মধ্যে অংশগ্রহণমূলক পরিবেশগত অনুশীলনের দৃষ্টিভঙ্গি পরিবর্তন করা এবং পরিবেশ সংক্রান্ত কাজে তরুণ প্রজন্ম ও অভিজাত ব্যক্তিদের অংশগ্রহণ নিশ্চিত করা।" অনুষ্ঠান ২টি পরিচালনা করেন প্রকল্পের পরিবেশ কর্মকর্তা আলিফা তাজমিন। অনুষ্ঠানগুলোতে উপস্থিত ছিলেন পদক্ষেপ এর সংশ্লিষ্ট ব্রাঞ্চের কর্মকর্তাবৃন্দ এবং সংশ্লিষ্ট এলাকার শিক্ষক, শিক্ষার্থী, উদ্যোক্তাবৃন্দ ও গণ্যমান্য ব্যক্তিবর্গ। অনুষ্ঠানে পরিবেশ দূষণের বিভিন্ন দিক নিয়ে আলোচনা এবং নিরাপদ কর্মপরিবেশ রক্ষার্থে সচেতনতা বৃদ্ধি ও দিক নির্দেশনামূলক পরামর্শ প্রদান করা হয়। এসময় বক্তারা টেকসই উন্নয়নের জন্য হস্তশিল্পের প্রসারে বৈচিত্র্যময় পণ্য তৈরীতে পরিবেশবান্ধব প্রযুক্তি ব্যবহার ও ক্ষুদ্র উদ্যোক্তাদের আর্থিক সহায়তা প্রদানের পাশাপাশি পরিবেশের মান বজায় রেখে কার্যক্রম পরিচালনার ওপর গুরুত্বরোপ করেন।

# শোক বার্তা



দিনাজপুর জোনের বিরামপুর এরিয়ার কেটরাহাট ব্রাঞ্চের কমিউনিটি ম্যানেজার মোঃ মিনারুল ইসলাম (কর্মী পরিচিতি নং- ০১৪৬৩২০৩১৯) গত ৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখ রোজ রবিবার সকাল ৮.৩০ ঘটিকায় নিজ বাড়ী থেকে অফিসে ফেরার পথে সড়ক দূর্ঘটনায় ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি ওয়া-ইন্নাইলাহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৩৩ বছর। সহকর্মীর এই অকাল ও দুঃখজনক মৃত্যুতে পদক্ষেপ গভীরভাবে শোকাহত ও ব্যথিত। মরহুমের মৃত্যুতে ও অপূরণীয় ক্ষতিতে তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি পদক্ষেপ পরিবার গভীর সমবেদনা জ্ঞাপন এবং পরম করুণাময়ের কাছে তাঁর বিদেহী আত্মার মাগফেরাৎ কামনা করছে।

# শহীদ বিদস ও আন্তজাতিক মাতৃভাষা দিবসে পদক্ষেপ এর ময়মনসিংহ জোনের শ্রদ্ধাঞ্জলি



অমর একুশে ফেব্রুয়ারি। মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। বাঙালির প্রাণের দিবস একুশে ফেব্রুয়ারির তাৎপর্য বহুমাত্রিক। এ দেশের মুক্তিযুদ্ধে অনুপ্রেরণা জুগিয়েছে ভাষা আন্দোলন। ১৯৫২ সালের পর এ দেশের আপামর জনগণের অধিকার রক্ষার প্রতিটি আন্দোলনে একুশে ফেব্রুয়ারি চেতনার বাতিঘর হয়ে পথ দেখিয়েছে। এ দিনটি এ দেশের মানুষের কাছে আত্মত্যাগ ও জাগরণের অনুকরণীয় দৃষ্টান্ত। ৭০ বছর আগের এই দিনে মাতৃভাষার অধিকার রক্ষার দাবিতে শাসকের রক্তচক্ষু উপেক্ষা করে অকুতোভয় বীর সন্তানেরা নেমে এসেছিল রাজপথে। ১৯৫২ সালের একুশে ফেব্রুয়ারি বাংলাকে এ দেশের রাষ্ট্রভাষা করার দাবিতে এক কর্মসূচি পালন করতে গিয়ে পুলিশের গুলিতে প্রাণ হারান সালাম, রফিক, জব্বার, বরকত, শফিক প্রমুখ। মাতৃভাষার দাবিতে আত্মদানের এক অভূতপূর্ব অধ্যায় সেদিন সংযোজিত হয়েছিল মানব ইতিহাসে। তাঁদের রক্তের পথ বেয়ে বাংলা এ দেশের রাষ্ট্রভাষার স্বীকৃতি পায়। বাংলা ভাষার জন্য আত্মত্যাগের দিনটির স্বীকৃতি এখন বিশ্বজুড়েই। ১৯৯৯ সালে জাতিসংঘের স্বীকৃতির পর প্রতিবছর একুশে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা হিসেবে সারা বিশ্বেই পালন করা হয়। দিবসটির এবারের প্রতিপাদ্য বিষয় ছিলো, 'প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে বহুভাষায় জ্ঞানার্জন : সংকট এবং সম্ভাবনা'। একুশের প্রথম প্রহরে মানুষের ঢল নামে কেন্দ্রীয় শহীদ মিনারে। 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি, আমি কি ভুলিতে পারি' এই গান গেয়ে লাখো মানুষ মিলিত হয শহীদ মিনারে। সেখানে ফুল দিয়ে, শ্রদ্ধাবনত চিত্তে ভাষা শহীদদেরকে স্মরণ করা হয়।

"শহীদ বিদস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস" পালন উপলক্ষে গত ২১ ফেব্রুয়ারি ২০২২ তারিখে যথাযথ মর্যাদায় ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেছে পদক্ষেপ এর ময়মনসিংহ জোন ও এফএনবি এর ময়মনসিংহ জেলার বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ। এতে পদক্ষেপ এর ময়মনসিংহ জোনের জোনাল ম্যানেজার জনাব মোঃ শফিকুল ইসলাম ও অন্যান্য কর্মকর্তা'সহ ময়মনসিংহ জেলার সকল এনজিও এর সমন্বয়ে এফএনবি এর ব্যানারে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়।

কালের আবর্তে পৃথিবীতে অনেক ভাষাই আজ বিপন্ন। একটি ভাষার বিলুপ্তি মানে একটি সংস্কৃতির বিলোপ, জাতিসত্তার বিলোপ, সভ্যতার অপমৃত্যু। তাই মাতৃভাষা ও নিজস্ব সংস্কৃতির বিকাশসহ সব জাতিগোষ্ঠীর ভাষা ও সংস্কৃতি রক্ষায় সকলকে সোচ্চার হতে হবে।

# ব্রাঞ্চের ঠিকানা পরিবর্তন

ব্রাঞ্চের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য পুরাতন অফিস পরিবর্তন করে নতুন ভবনে অফিস স্থানান্তর করা হয়। গত ফেব্রুয়ারি ২০২২ মাসে পদক্ষেপ এর ২টি ব্রাঞ্চ অফিসের ঠিকানা পরিবর্তণ করা হয়েছে। একটি হলো যশোর জোনের ঝিনাইদহ এরিয়ার কোটচাঁদপুর ব্রাঞ্চ এবং অপরটি ইসিসিসিপি-ফ্লাড প্রকল্পের রৌমারী ব্রাঞ্চ অফিস। কোটচাঁদপুর ব্রাঞ্চ অফিসের পরিবর্তনকৃত নতুন ঠিকানা হচ্ছে, নুর ইসলামের বাড়ি, আখ সেন্টার সংলগ্ন, আদর্শপাড়া, কোটচাঁদপুর, ঝিনাইদহ। অপরদিকে রৌমারী ব্রাঞ্চ অফিসের পরিবর্তনকৃত নতুন ঠিকানা হচ্ছে, আব্দুর রাজ্জাকের বাড়ি, নটান পাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন, নটান পাড়া, রৌমারী, কুড়িগ্রাম।

# ফেব্রুয়ারি মাসে প্রশিক্ষণ পেয়েছে ৫০২ জন

পদক্ষেপ এর ক্ষুদ্র অর্থায়ন কর্মসূচির মাঠ পর্যায়ে এবং প্রধান কার্যালয়ে ফেব্রুয়ারি ২০২২ মাসে সর্বমোট ৪৯৬ জন কর্মী/কর্মকর্তাকে অভ্যন্তরীণ এবং ৬ জনকে বহি: উৎস হতে বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এরমধ্যে ক্ষুদ্র অর্থায়ন কর্মসূচির নতুন নিয়োগপ্রাপ্ত ১১৮ জন কমিউনিটি ম্যানেজারকে ও এইচআইভি প্রজেক্টের নতুন নিয়োগপ্রাপ্ত ১২ জন কর্মকর্তাকে "বেসিক ওরিয়েন্টেশন" এবং ৩৭ জন ফোকাল পারসনকে Training on Software Execution (FIS Module) বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়াও অনলাইনের মাধ্যমে ৩২৯ জন সহকারী ব্রাঞ্চ ম্যানেজার (লোন) পদে "অগ্রসর ঋণীর ব্যবসা বিশ্লেষণ, সম্ভাব্যতা যাচাই ও গ্রাহক বান্ধব সেবায় করণীয়" বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। পাশাপাশি বহি: উৎস হতে পদক্ষেপ এর সিনিয়র ব্যবস্থাপক পদে ১ জনকে "KPI Based Performance Appraisal and Reporting Techniques" বিষয়ে ও ১ জনকে How to Purchase a Land with Verification বিষয়ে এবং সহকারী ব্রাঞ্চ ম্যানেজার (লোন) পদে ৩ জনকে "ক্ষুদ্র উদ্যোগ ঋণ পণ্য সম্প্রসারণ কৌশল" বিষয়ে ও ১ জনকে "ক্ষুদ্র উদ্যোগ আর্থিক বিশ্লেষণ" বিষয়ে অনলাইনের মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

# ফেব্রুয়ারি মাসে ৭৩ জনকে নিয়োগ দিয়েছে পদক্ষেপ

ফেব্রুয়ারি ২০২২ মাসে পদক্ষেপ এর প্রধান কার্যালয়ের প্রোগ্রাম উইং এর এসটিআই/এইচআইভি সার্ভিসেস এর প্যাকেজ-২৫ প্রকল্পে সি: সহকারী পরিচালক পদে ১ জন, ক্লিনিক্যাল কোয়ালিটি অ্যাসুরেন্স কোঅর্ডিনেটর পদে ১ জন, অ্যাকাউন্ট অফিসার পদে ১ জন ও ক্ষুদ্র অর্থায়ন কর্মসূচির সিএম পদে ৫৮ জনকে নিয়োগ দেয়া হয়েছে। পাশাপাশি এসটিআই/এইচআইভি সার্ভিসেস এর প্যাকেজ-২৫ প্রকল্পের রাজশাহী, ঢাকা, পটুয়াখালী ও চট্টগ্রামে ৪ জনকে মেডিকেল এ্যাসিস্ট্যান্ট কাম কাউন্সিলর পদে ও ৪ জনকে আউটরিচ সুপারভাইজার পদে এবং ঢাকা ও পটুয়াখালীতে ২ জনকে অফিস সহকারী পদে নিয়োগ দেয়া হয়েছে। এছাড়াও চট্টগ্রাম (দ:) জোনে সিকিউরিটি গার্ড পদে ১ জনকে এবং সমৃদ্ধি কর্মসূচির সুরমা ইউনিয়নে হেলথ ইন্সপেক্টর পদে ১ জনকে নিয়োগ প্রদান করা হয়েছে।

# ফেব্রুয়ারি মাসে রেমিটেন্স লেনদেন হয়েছে ৬২০টি

ফেব্রুয়ারি ২০২২ মাসে বিভিন্ন ব্রাঞ্চের মাধ্যমে মোট ৬২০ জন গ্রাহককে ২.৬৯ কোটি টাকা রেমিটেন্সের অর্থ প্রদান করা হয়েছে। এভাবে পদক্ষেপ এপর্যন্ত সর্বমোট ১,৫০,৭৭৮ জন গ্রাহককে ৪৭৮.৯৮ কোটি টাকা রেমিটেন্সের অর্থ প্রদান করেছে। উল্লেখ্য যে, ক্ষুদ্রঋণ কার্যক্রমের সাথে পদক্ষেপ দেশব্যাপী মানিগ্রাম, ট্রান্স-ফাস্ট, এক্সপ্রেস মানি, সিবিএল মানি ট্রান্সফার, ইজেড রেমিট, আল জাদিদ, আফতাব কারেন্সি, ইউনিমনি, ইনস্ট্যান্ট ক্যাশ ও রিয়া'সহ মোট ২৮টি এক্সচেঞ্জ হাউজ/ প্রতিষ্ঠানের মাধ্যমে দ্রুততম সময়ে বিদেশ হতে প্রেরিত রেমিটেন্স গ্রাহকের হাতে পৌঁছে দিচ্ছে।

# পিআইডিএম এ মাসে সেবা দিয়েছে ৬৫১ জনকে

পদক্ষেপ তার নিজস্ব প্রশিক্ষণ কেন্দ্র পদক্ষেপ ইনস্টিটিউট অব ডেভেলপমেন্ট এ্যান্ড ম্যানেজমেন্ট (পিআইডিএম)-এ পদক্ষেপ'সহ সরকারী বেসরকারী বিভিন্ন প্রতিষ্ঠানের সহযোগিতায় ও যৌথ ব্যবস্থাপনায় বিভিন্ন বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করে আসছে। এরই ধারাবাহিকতায় ফেব্রুয়ারি ২০২২ মাসে পদক্ষেপ'সহ ১৪টি উন্নয়ন সহযোগী সংস্থার মোট ৬৫১ জন কর্মী/ উপকারভোগীর অংশগ্রহণে ৪টি মিটিং ও ২টি পরীক্ষা অনুষ্ঠিত এবং ৪টি ট্রেনিং ব্যাচের ২৮৬ জনের জন্য খাদ্য, ভেন্যু ও আবাসন সেবা প্রদান করা হয়েছে।

# কর্মী কল্যাণ তহবিল, সিপিএফ ও অনুদান প্রদান

ফেব্রুয়ারি ২০২২ মাসে সিপিএফ হতে ২৯ জন কর্মীকে ২৬,২০,৬৫৫/- টাকা এবং কর্মী কল্যাণ তহবিল হতে ৩১ জন কর্মীকে ১,৬৩,০০০/- টাকা ফেরত প্রদান করা হয়েছে। এছাড়া কর্মী স্বেচ্ছা সঞ্চয় ও বীমা প্রোগ্রাম থেকে ৩৮ জনকে ৮,৩৭,১৪৫/- টাকা এবং কর্মী কল্যাণ তহবিল হতে ১৯ জনকে ৩,৫৬,৯৮৩/- টাকা অনুদান হিসেবে প্রদান করা হয়েছে।

# “বঙ্গবন্ধু ও বাংলাদেশ” বিষয়ক রচনা প্রতিযোগিতার ৪টি শাখায় ১ম পুরস্কারপ্রাপ্তদের লেখা রচনার ধারাবাহিক প্রকাশ

**আজ ‘ক’ শাখায় ১ম স্থান অধিকারী আরও ২ জন এর লেখা রচনা প্রকাশ করা হলোঃ**

## মুহাম্মদ সামিউল ইসলাম

বিষয়:- বঙ্গবন্ধু ও বাংলাদেশ
নাম:- মুহাম্মদ সামিউল ইসলাম
শ্রেণি:- ২য়
পিতার নাম:- পাইক মোঃ শফিকুল ইসলাম






### বঙ্গবন্ধু ও বাংলাদেশ

বাংলাদেশ গঠনে যার অনবদ্য অবদান তিনি হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী, তিনি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। তিনি সর্বকালের সর্বশ্রেষ্ঠ নেতা। তিনি মহৎ, তিনি ত্যাগী ছিলেন। বঙ্গবন্ধু ও বাংলাদেশ একে অপরের পরিপূরক।

বঙ্গবন্ধু ১৯২০ সালের ১৭ ই মার্চ গোপালগঞ্জ জেলার টুঙ্গি পাড়া গ্রামে জন্মগ্রহন করেন। তাঁর পিতার নাম শেখ লুৎফর রহমান ও মাতার নাম সায়েরা খাতুন। তাঁর ডাক নাম ছিল ‘খোকা’। তিনি ১৯৪২ সালে গোপালগঞ্জ মিশন হাই স্কুল থেকে প্রবেশিকা পরীক্ষা পাস করেন। কলকাতা ইসলামিয়া কলেজ থেকে ১৯৪৭ সালে বি.এ পাস করেন। ~~এক~~ এর পর তিনি ~~ঢ~~ ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হলেও নানা আন্দোলন সংগ্রামের কারনে বিশ্ববিদ্যালয়ের পড়া শেষ করতে পারেননি।

ছাত্রজীবনেই তিনি রাজনীতির সাথে যুক্ত হন। ভাষা আন্দোলনসহ বিভিন্ন গনতান্ত্রিক আন্দোলনে যোগ দিয়ে তিনি বহুবার কারাবরন করেছেন। তিনি ১৯৫২ সালে ভাষা আন্দোলন করেন, ১৯৬৬ সালে ৬ দফা ঘোষণা করেন। ১৯৬৮ সালে ‘আগরতলা ~~ষড়যন্ত্র~~ ষড়যন্ত্র মামলা’ নামে একটি মিথ্যা মামলায় কারাবরন করেন। ১৯৬৯ সালে আগরতলা মামলা থেকে মুক্তি পান এবং ‘বঙ্গবন্ধু’ উপাধিতে ভূষিত হন। ১৯৭০ সালে অনুষ্ঠিত সাধারন নির্বাচনে তাঁর নেতৃত্বে আওয়ামী লীগ জয়লাভ করে।

১৯৭১ সালের ৭ই মার্চ ঢাকার রেসকোর্স ময়দানে এক বিরাট জনসভায় বঙ্গবন্ধু ঐতিহাসিক ভাষনে বলেন–“এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম।” এরপর ২৫ শে মার্চ মধ্যরাতে এদেশের নিরস্ত্র ঘুমন্ত মানুষের উপর পাকিস্তানী হানাদার বাহিনী আক্রমন করে এবং বঙ্গবন্ধুকে আটক করা হয়। আটকের আগে তিনি বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেন এবং দেশবাসীকে মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়ার আহবান জানান।

বঙ্গবন্ধুর আহবানে সাড়া দিয়ে আপামোর জনসাধারন মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়ে। দীর্ঘ ৯ মাস রক্তক্ষয়ী যুদ্ধের পরে ১৯৭১ সালের ১৬ ই ডিসেম্বর বাংলাদেশ স্বাধীনতা লাভ করে। বাংলাদেশ স্বাধীন হওয়ার পর ১৯৭২ সালের ১০ই জানুয়ারী বঙ্গবন্ধু পাকিস্তানের কারাগার থেকে দেশে ফিরে আসেন এবং দেশ গড়ার দায়িত্ব নেন।

তিনি দায়িত্ব গ্রহন করার পরে দেশী বিদেশী বিভিন্ন স্বাধীনতাবিরোধী চক্রের ষড়যন্ত্রে কতিপয় দুষ্কৃতকারী সেনা কর্মকর্তাদের দ্বারা ১৯৭৫ সালের ১৫ ই আগস্ট সপরিবারে নিহত হন।

বঙ্গবন্ধু সারা জীবন এ দেশ ও দেশের মানুষদেরকে ভালবাসতেন। তাঁর মৃত্যুতে এদেশের যে ক্ষতি হয়েছে, তা কখনও পূরন হওয়ার নয়।

বিশ্বমানচিত্রে বাংলাদেশ ~~যতো~~ যতদিন থাকবে ততো দিন এ দেশের মানুষের হৃদয়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান চির অম্লান হয়ে থাকবেন।

—০—

নাম: মুহাম্মদ সামিউল ইসলাম
শ্রেণি: দ্বিতীয়
পিতার নাম: পাইক মোঃ শফিকুল ইসলাম

Staff ID: 002990060?
Division: HRBA
Head office

"পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র, চাতলপাড় ব্রাঞ্চ, ইদু মিয়ার বাড়ি বড়বাজার, নাসিরনগর, বি-বাড়িয়া"

## বঙ্গবন্ধুর ও বাংলাদেশ বিষয়ক রচনা

**ভূমিকা:** বিশ্ব সেরা মনীষীদের নামের তালিকায় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সর্বাগ্রে। তিনি স্বগৌরবের আসনে সমাসীন।

**জন্ম ও পরিচয়:** শেখ মুজিবুর রহমান ১৯২০ সালের ১৭ই মার্চ ফরিদপুর জেলার গোপালগঞ্জ মহকুমার টুঙ্গিপাড়া গ্রামে শেখ পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম শেখ লুৎফুর রহমান এবং মাতার নাম সাহেরা খাতুন। তাঁর দাদার নাম শেখ আবদুল হামিদ। তাঁর আকিকার সময় নানা আবদুল মজিদ বঙ্গবন্ধুর নাম রেখেছিলেন শেখ মুজিবুর রহমান এবং বলেছিলেন এ নাম জগত জোড়া খ্যাত হবে। পিতা মাতা তাকে আদর করে খোকা বলে ডাকতেন। বর্তমানে ১৭ই মার্চ সারা দেশে জাতীয় শিশু দিবস হিসেবে পালিত হয়।



# মাসকুরা জাহান অর্ণি

**রাজনৈতিক জীবনের শুরু ও বিশেষ অবদান:** ছাত্রাবস্থা থেকেই জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের রাজনৈতিক জীবনের সূত্রপাত ঘটে। আর তাঁর রাজনৈতিক জীবনে রয়েছে বিশেষ বিশেষ অবদান।

**নির্বাচনী বিজয়:** ১৯৭০ সালের সাধারন নির্বাচনে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে আওয়ামীলীগ পূর্ব বাংলার জাতীয় পরিষদের ১৬২টি এলাকাভিত্তিক আসনের মধ্যে ১৬০ টি জয়লাভ করে।

**১৯৭১:** ১৯৭০ সালের নির্বাচনের পর পাকিস্তান সরকার বঙ্গবন্ধুর হাতে ক্ষমতা হস্তান্তরে নানামুখী তালবাহানার আশ্রয় নেয়। এরই ধারাবাহিকতায় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭১ সালের ৭ মার্চ রেসকোর্স ময়দানে সর্ববৃহৎ জনসভায় ঐতিহাসিক ভাষন দেন। জনতার মহাসমুদ্রে দাঁড়িয়ে তিনি বজ্রকণ্ঠে ঘোষনা করেন এ বারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম; এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম। তারপর ২৫ মার্চ দিবাগত রাতে পাকিস্তান সেনাবাহিনী তথাকথিত অপারেশন সার্চ লাইট নামে বাঙালী জাতির ওপর এক আগ্রাসী আক্রমন পরিচালনা করে। এমতাবস্থায় রাত ১২টা ২০ মিনিটে অর্থাৎ ২৬শে মার্চের প্রথম প্রহরে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশের স্বাধীনতার ঘোষনা করেন। শুরু হয় প্রতিরোধ যুদ্ধ যা মুক্তির সংগ্রামে রূপ নেয়। যুদ্ধ চলে সুদীর্ঘ নয় মাস। ত্রিশ লাখ শহীদ ও দুই লাখ ছিয়াত্তর হাজার মা বোনের মানহানির বিনিময়ে ১৬ ডিসেম্বর মুক্তিযুদ্ধের বিজয় অর্জিত হয়।

**উপসংহার:** জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বিদেহী আত্মার স্মৃতির প্রতি দ্ব্যর্থহীন কণ্ঠে আমাদের অঙ্গীকার হচ্ছে —

সোনার বাংলা গড়বো পিতা
কথা দিলাম তোমায়,
চেতনা থেকে বিচ্যুত হবো না
গ্রেনেড কিংবা বোমায়

পাবলিকেশন ও ডকুমেন্টেশন সেকশন কর্তৃক প্রণয়নকৃত মাসিক ই-নিউজে আপনার আওতাধীন কার্যক্রমের প্রতিমাসের গুরুত্বপূর্ণ সংবাদ পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে zahid@padakhep.org ই-মেইলে জমা প্রদানের আহবান করা হলো। ১০ তারিখের পরে কোন তথ্য গ্রহণ করা হবে না।
**ই-নিউজ পড়ুন পদক্ষেপ এর সমসাময়িক ঘটনাবলী জানুন এবং ইমেইলের মাধ্যমে আপনার মতামত প্রদান করুন।**

**পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র**
বাড়ী নং-৫৪৮, রোড নং-১০, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭
ফোন ঃ ৫৮১৫১১২৬, ৫৮১৫৬৯২৫, ৫৫০১০৪০৫ ৫৫০১০৪০৬, ফ্যাক্স ঃ ৮৮-২-৯১৩৭৩১০, ৯১৩৭৩৬১
E-mail : pmuk@padakhep.org
info@padakhep.org, Web: www.padakhep.org